অন্বেষণ

নিজস্ব ভাষার খোঁজে কবি পথ হাঁটে
এত দীর্ঘ সে পথ কবি ভাবেনি কখনও
এত ক্ষ, ছায়াহীন, সমুদ্র সৈকত থেকে দূরে
প্রখর রোদ্দুরে তবু পথ চলা পাকদণ্ডী ঘুরে

শব্দের জন্যে এত খিদে, এত মায়া
অলস সংসার জুড়ে অবিরাম ছুটে চলা
যদি সেই চিত্রকল্প পড়ে থাকে পাথরের খাঁজে

তৃষ্ণা তবু থেকে যায়, দূরে সুর বাজে
ডাকে বৃক্ষ ছায়া, টলটলে জল
কবি তবু খুঁজে ফেরে শব্দব্রহ্ম
পর্যটনে থাকে অবিচল।

অসীমকুমার বসু

সৃষ্টিসন্ধান

Phone: 98302 43310
email: editor@srishtisandhan.com